

🔳 আল-কাহফ | Al-Kahf | ٱلْكَهْف

আয়াতঃ ১৮ : ১০৪

া আরবি মূল আয়াত:

দুনিয়ার জীবনে যাদের চেষ্টা ব্যর্থ হয়ে গেছে, অথচ তারা মনে করছে যে, তারা ভাল কাজই করছে'! — আল-বায়ান তারা হল সে সব লোক দুনিয়ার জীবনে যাদের চেষ্টা সাধনা ব্যর্থ হয়ে গেছে আর তারা নিজেরা মনে করছে যে, তারা সঠিক কাজই করছে। — তাইসিক্লল

ওরাই তারা, পার্থিব জীবনে যাদের প্রচেষ্টা পশু হয়, যদিও তারা মনে করে যে, তারা সৎ কাজ করছে। — মুজিবুর রহমান

[They are] those whose effort is lost in worldly life, while they think that they are doing well in work." — Sahih International

১০৪. ওরাই তারা, পার্থিব জীবনে যাদের প্রচেষ্টা পণ্ড হয়, যদিও তারা মনে করে যে, তারা সৎকাজই করছে,

তাফসীরে জাকারিয়া

(১০৪) ওরাই তারা, পার্থিব জীবনে যাদের প্রচেষ্টা পশু হয়, যদিও তারা মনে করে যে, তারা সৎকর্ম করছে।[1]

[1] অর্থাৎ, তাদের আমলগুলো এমন, যা আল্লাহর নিকট পছন্দনীয় নয়, কিন্তু তাদের ধারণা যে তারা (আল্লাহর পছন্দনীয়) নেক আমলই করছে। এই আয়াতে কাদের কথা বলা হয়েছে? কেউ কেউ বলেন ইয়াহুদী ও খ্রিষ্টানদের, কেউ বলেন খাওয়ারিজ (রাজদ্রোহী) সম্প্রদায় ও অন্যান্য বিদআতীদের, কেউ বলেন মুশরিকদের। কিন্তু সঠিক কথা হল, এই আয়াতে ব্যাপকভাবে এ সমস্ত ব্যক্তি বা দলকে বুঝানো হয়েছে, যাদের মধ্যে উক্ত গুণাবলী বিদ্যমান। পরের আয়াতে এই ধরনের লোকেদের জন্য আরো কিছু শাস্তির কথা উল্লেখ করা হচ্ছে।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2244

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন